খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI

# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1, Issue-10 Bardhaman , 30 October. 2023 Rs. 2.00 ( Four Pages ) Publisher - Israil Mallick


## এক নজরে

**বিজয়ার শুভেচ্ছা**

**পাঠক,বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা সহ সকলকে জানাই আমাদের প্রীতি ও শুভেচ্ছা। শুভ বিজয়া।**

● সারের নির্ধারিত দামের চেয়ে চাষীদের কাছ থেকে সারের দাম বেশি নেওয়ার অভিযোগ অনেক সার বিক্রেতার বিরুদ্ধে। নজর নেই সংশ্লিষ্ট দপ্তরের, অভিযোগ। ক্ষোভে ফুঁসছেন চাষীরা।

● রেশন দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেফতার রাজ্যের বর্তমান বনমন্ত্রী তথা প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক। আগামী ৬ নভেম্বর পর্যন্ত ইডি হেফাজতের নির্দেশ আদালতের।

● " ইন্ডিয়া শব্দটার মধ্যে জুজু দেখছে কেন্দ্রীয় সরকার", বিস্ফোরক মন্তব্য করলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

● "হামাস কোনো সন্ত্রাসবাদী সংগঠন নয়,ওরা মুক্তি যোদ্ধা। নিজেদের ভূমি রক্ষায় প্রাণ লড়িয়ে দিচ্ছে", ইজরায়েল সফর বাতিল করে মন্তব্য করলেন তুরস্কের প্রেসিডেন্ট এরদোগান।

● "সকলকে দেখেছেন, বিবেচনা করে ভোট দিন", নাগপুরে আরএসএসের বিজয়া দশমীর অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে দেশবাসীর উদ্দেশ্যে বার্তা দিলেন মোহন ভাগবত।

● "আমরা খুব সৌভাগ্যবান যে আমরা ভারতবর্ষের মতো জায়গায় জন্মেছি। এর জন্য আমরা খুব গর্বিত। আমরা হিন্দু-মুসলিম পাশাপাশি বসবাস করছি। শারদীয়া উৎসব বিশেষ কোনো সম্প্রদায়ের নয়, সার্বজনীন। এই শারদীয়া উৎসবে আমরাও অনেক আনন্দ করছি", শারদ উৎসবে শান্তি ও সম্প্রীতির বার্তা দিলেন খানপুর মাদানীয়া দরবারের কর্ণধার সুফী হাফেজ আব্দুস সালাম সাহেব।

● ভারতীয় ক্রিকেটে নক্ষত্র পতন। প্রয়াত টিম ইন্ডিয়ার প্রাক্তন অধিনায়ক বিষেণ সিং বেদি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। দেশের হয়ে তিনি ৬৭টি টেস্ট ম্যাচ খেলেছেন।

● কামদুনিকান্ডে মুক্তিপ্রাপ্ত ৪ জনের জন্য নতুন শর্ত আরোপ করল সুপ্রিম কোর্ট। প্রতি মাসের প্রথম ও তৃতীয় সোমবার থানায় দিতে হবে হাজিরা।

● প্রয়াত পাড়াতল ২ নং গ্রাম পঞ্চায়েতের পিরিজপুর সংসদ

(এরপর চারের পাতায়)

## বর্ধমানে পুজো উদ্বোধনে এসে অমিত শাহকে বহিরাগত বলে তীব্র কটাক্ষ সায়নীর ! খেলা যখন হবে বাংলার মানুষই খেলবে, চ্যালেঞ্জ সায়নীর

নিজস্ব সংবাদদাতা ঃ বর্ধমানে দুর্গাপুজোর উদ্বোধন করতে এসে নাম না করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে নিশানা করে বহিরাগত বলে তীব্র কটাক্ষ করলেন তৃণমূল কংগ্রেসের রাজ্য যুব সভাপতি সায়নী ঘোষ। তেলিপুকুর সুকান্তপল্লী স্মৃতি সংঘের দুর্গাপুজোর উদ্বোধন করতে ১৬ অক্টোবর,সোমবার রাতে বর্ধমানে আসেন সায়নী ঘোষ। এই পুজো পূর্ব বর্ধমান জেলা যুব সভাপতি রাসবিহারী হালদারের পুজো বলেই সকলে জানে। পর পর দু'বছর এই পুজো উদ্বোধনে বর্ধমানে এলেন সায়নী। উদ্বোধনী অনুষ্ঠানে সায়নী ছাড়াও উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ,পূর্ব বর্ধমান জেলা পুলিশ সুপার আমনদীপ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। এদিন কলকাতায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দুর্গাপুজো উদ্বোধন নিয়ে সায়নী ঘোষ কটাক্ষ করে বলেন, "বাংলার মানুষ হাসছে। নিজে মুখ বুজে মিথ্যা কথা বলা বিজেপির অভ্যাসের মধ্যে পড়ে। ভোট পাওয়ার নাম করে যা যা বলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্যাপারে, দুর্গাপুজো হয় না, সরস্বতী পুজো করতে দেয় না, কোনরকমের পুজো করতে দেয় না। আজকে উনিই আসছেন, এসে পুজো উদ্বোধন করছেন। করুন,আমরা তো বলি যে বাংলায় সবাই স্বাগত। বহিরাগত আপনারা, বহিরাগতই থাকবেন। কিন্তু বাংলায় স্বাগত রয়েছে, আসুন,পুজো, খাওয়া দাওয়া করুন। ঘুরে বেড়ান। একা কেন,পরিবার সমেত আসুন। কিন্তু খেলা যখন হবে বাংলার মানুষই খেলবে, সেটা নিয়ে নিশ্চিন্ত থাকুন।"





দশঘড়া স্কুলপাড়া সার্বজনীন দুর্গোৎসব কমিটির উদ্বোধনী অনুষ্ঠানে ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ।



জামালপুর নাগরিক জনকল্যাণ সোসাইটির বস্ত্র বিতরণ অনুষ্ঠানে পূর্ব বর্ধমানের জেলা শাসক পূর্ণেন্দু কুমার মাজি।

## হিমঘর মালিকের থেকে তোলাবাজির অভিযোগ, গ্রেফতার হুগলির তৃণমূল নেতা ! গোষ্ঠীদ্বন্দ্বের ফলেই গ্রেফতার, খোঁচা বিজেপির

নিজস্ব সংবাদদাতা ঃ তোলাবাজির অভিযোগে হুগলির বাঁশবেড়িয়া



কালীতলার তৃণমূল কংগ্রেসের প্রাক্তন কার্যকরী সভাপতি দেবরাজ পালকে মঙ্গলবার ১৭ অক্টোবর রাতে গ্রেফতার করল মগরা থানার পুলিশ। বুধবার ১৮ অক্টোবর তাকে চুঁচুড়া আদালতে তোলা হলে বিচারক তাকে পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। কয়েক বছর আগেও একটি খুনের মামলায় জেল খাটেন এই তৃণমূল নেতা। যদিও ধৃতের দাবি, তাকে রাজনৈতিক ষড়যন্ত্র করে ফাঁসানো হয়েছে।

এক ব্যবসায়ীকে অপহরণের অভিযোগে ত্রিবেণী কালীতলা এলাকা থেকে বাঁশবেড়িয়া শহর তৃণমূলের প্রাক্তন কার্যকারী সভাপতি দেবরাজ পালকে মঙ্গলবার রাতে গ্রেফতার করে বুধবার চুঁচুড়া আদালতে পাঠালো মগরা থানার পুলিশ। সূত্রের খবর, মগড়া থানার অদূরে হাঁসগড়া এলাকায় দিল্লি রোডের পাশে একটি হিমঘর রয়েছে। জমির পরিমাণ আট বিঘা। বর্ধমানের কামালউদ্দিনের এক পরিচিত ব্যক্তির সেই হিমঘর ব্যাঙ্কে বন্দক ছিল। কামালউদ্দিন পরিচিত ব্যক্তির ইচ্ছাতেই ব্যাঙ্কের কাছ থেকে সেই সম্পত্তি ভাই আজিবউদ্দিনের নামে কিনে নেয়। অভিযোগ, সেই হিমঘর কেনার জন্য একদিন কামালউদ্দিনের কাছে ফোন আসে দেবরাজের। ফোনে কামালউদ্দিন জমির দাম দেন সাড়ে সাত কোটি টাকা। অভিযোগ, সেই ফোনের কিছুদিন পরেই জনা পঞ্চাশেক লোক নিয়ে হিমঘরে আসেন দেবরাজ। দেবরাজের হাতে বন্দুক

(এরপর তিনের পাতায়)




Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খবর সোজাসুজি

Volume-1 Issue-10 30 October. 2023

## দেদার ছুটি

চলছে উৎসবের মরশুম। আর দিন দিন আড়েবহরে বাড়ছে উৎসবের সময়সীমা। নির্দিষ্ট চার দিনের পরিবর্তে দুর্গাপুজো এখন কোথাও ছ'দিন, কোথাও আবার দশ দিনে এসে ঠেকেছে। পুজোর নির্ঘণ্টকে তুচ্ছ জ্ঞান করে এখন পিতৃপক্ষেই করা হচ্ছে দুর্গাপুজোর উদ্বোধন। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে খাতায় কলমে পঞ্চমী থেকে ছুটি পড়ার কথা থাকলেও শহরাঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠানে পঠনপাঠন বন্ধ হয়ে কার্যত অঘোষিত ছুটি শুরু হয়ে যায় দেবীপক্ষের শুরুর দিন থেকেই। একবারও ভাবা হয় না, এইভাবে ক্রমশ শিক্ষাদিবসগুলির উপর কোপ পড়তে থাকলে নির্দিষ্ট সময়ে সিলেবাস শেষ করা যাবে কি করে ? অযৌক্তিক ভাবে দীর্ঘ দিন ধরে গরমের ছুটি,পঞ্চায়েত ভোট সংক্রান্ত কাজে নষ্ট হয়েছে কমপক্ষে দু'মাসের শিক্ষা দিবস। আবার উৎসব উপলক্ষ্যে দুর্গাপুজো থেকে ভাইফোঁটা পর্যন্ত লম্বা ছুটি। আর স্কুল খুললেই পরীক্ষা। যদিও প্রাথমিক শিক্ষা পর্ষদের বার্ষিক ছুটির ক্যালেন্ডার অনুযায়ী লক্ষ্মীপুজোর পর আজ থেকেই খুলছে স্কুল। আবার কালীপুজোর সময় ছুটি পড়বে, খুলবে ভাইফোঁটার পর। কিন্তু পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীরা স্কুলে যাবে একেবারে ভাইফোঁটার পর। এ এক মজার ব্যাপার। লক্ষ্মীপুজোর পর আজ থেকে স্কুলে আসবে নিচু ক্লাসের পড়ুয়ারা,আর বাড়িতে বসে থাকবে উঁচু ক্লাসের পড়ুয়ারা। অথচ সিলেবাস শেষ করার জন্য তাদেরই ক্লাস করা দরকার বেশি করে। তার ওপর আবার খাঁড়ার ঘা! স্কুল খুললেই পঞ্চম থেকে নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষা এবং নভেম্বরের শেষ দিকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের টেস্ট পরীক্ষা। ছুটির পর ছাত্র ছাত্রীরা এবার স্কুলে যাবে পরীক্ষা দিতে। কিন্তু সিলেবাস তো এখনও শেষ হয়নি। আর পুজোর ছুটি না কমলে সিলেবাস শেষও হবে না। যে সব পড়ুয়াদের গৃহশিক্ষক নেই, যারা পড়াশোনার জন্য স্কুলের উপরেই নির্ভরশীল,তারা কি ভাবে নেবে পরীক্ষার প্রস্তুতি ? একে তো পরিকাঠামোগত সমস্যা এবং শিক্ষকের অভাবে অনেক স্কুলেই সাধারণ সময়েও পঠনপাঠন ব্যাহত হয়। তার ওপর আবার উৎসবের কারণে স্কুলে দীর্ঘ ছুটির ফলে ব্যাহত হচ্ছে পঠনপাঠন। আবার সিলেবাস শেষ করার তাগিদে ইচ্ছা থাকলেও সরকারি নির্দেশিকার অভাবে স্কুল খুলতে পারছেন না অনেক প্রধান শিক্ষক। শিক্ষা মানুষের মৌলিক অধিকার। উৎসবে আনন্দ হোক। কিন্তু শিক্ষার মৌলিক অধিকারকে অগ্রাহ্য করে নয়। পরিকল্পিত ভাবে দেওয়া হোক গরমের ছুটি, উৎসবের ছুটি। নিয়ন্ত্রিত হোক উৎসব। পড়ুয়ারা যেন তাদের শিক্ষার মৌলিক অধিকার থেকে বঞ্চিত না হয় সেটা নিশ্চিত করতে হবে সর্বাগ্রে।

## খবর সোজাসুজি'কে

### সুনীতি মুখোপাধ্যায়

মাত্র দু'চার পৃষ্ঠা-গাঁথা **খবর সোজাসুজি** --
কুড়িয়ে আনে ঘুরে ঘুরে হরেক গলি ঘুঁজি
এলাকারই এখান-ওখান সেইখানে কি খবর --
গেঁথে দেওয়ার গুনে, আহা, বেশ তো লাগে জবর !
ফেরিও'লা হয়েই ঘোর খবর পৌঁছে দিতে,
দেখবে, সবাই মন খুশিতে হবে মনের মিতে।
টুকরো খবর, হোক তা ছোট, ব্যাপারটা যে বড়,
সেই খবরেই মন্দ যারা, ভয়েই জড়সড়।
ভালো-মন্দ থাকবে দুই-ই, মন্দকে দাও ছন্দ,
ব্যস, তাহলেই ঘুচবে বিবাদ- বিভেদ এবং দ্বন্দ্ব।
**খবর সোজাসুজি** ঘুরুক এই পাড়া - ওই পাড়া,
তারাই আসুক সামনে,আহা, পিছনের রয় যারা।
**খবর সোজাসুজি** করুক আবর্জনা দূর,
বিবাদে নয় সংবাদে সব মন হ'ক ভরপুর !
এই এলাকার অভাব- দাবী ধরতে হবে তুলে,
সংবাদেতেই মন্দ-মানুষ বিবাদ যাবে ভুলে।
**খবর সোজাসুজি** বাজাক দুঃখ ভোলার বাঁশি,
**খবর সোজাসুজি** ফোটাক সবার মুখে হাসি।
পথের ধুলোর খবর ছাপা হ'ক না স-সম্মানে,
ধুলোই তখন আবির হয়ে সবার কাছে টানে।
ছোট্ট কাগজ,খুচরো খবর কিন্তু বড় -- কাজে
একত্রিত ছোটই লাগে দেশকে গড়ার কাজে।
**খবর সোজাসুজি** ফোটাক সবার মুখে হাসি,
শিউলি ফুলের মতন তারা ঝরুক রাশি রাশি।
হাঁটতে হাঁটতে পথের বুকে রাখুক পদচিহ্ন,
বলুক হেঁকে,আমরা সবাই এক, নই ভিন্ন।।
**শারদীয়ার শুভেচ্ছা** যাক পৌঁছে ঘরে ঘরে,
সম্প্রীতির বৃষ্টি যেন আকাশ থেকে ঝরে !

## খাই খাই করো কেন...

### পার্থ পাল

কলকাতার একটি পাঁচতারা হোটেল। ব্যাঙ্কোয়েট হল। সেখানে চলেছে ইঞ্জিনিয়ার্স মিট্। বিশেষ একটি সিমেন্ট কোম্পানি 'আমরাই সেরা' -এই বার্তা দিতে ডেকেছেন বাস্তুকারদের। তাঁদের জন্য মনোরঞ্জনের বিভিন্ন আইটেমের পাশাপাশি রয়েছে এলাহি খাওয়া-দাওয়ার আয়োজন। ইঞ্জিনিয়াররা ফিটফাট সেজেগুজে এতক্ষণ বসেছিলেন। যেই মঞ্চ থেকে ঘোষণা হল, " এবার মিটিং শেষ, ইটিং শুরু " তক্ষুনি পড়ে গেল তুমুল হুড়োহুড়ি। ভিড়টা দু-দলে ভাগ হল। একদল গেলেন পেট ভর্তি করার খাবারের দিকে। সেখানে অপেক্ষা করছে বিদেশি নামের বিভিন্ন দেশি খাবার। যেমন মটন মাঞ্চুরিয়ান, চিকেন দোপেঁয়াজা, চিকেন রেজালা...। অন্য সিংহভাগ দলটি ছুটল অ্যালকোহলের দিকে। কে কার আগে মাতাল হবে তার জন্য শুরু হল প্রতিযোগিতা। সেই ঠেলাঠেলি, গুতোগুতি আর মুখনিঃসৃত ভাষা শুনলে কে বলবে এটা পাঁচতারা কালচার!

চিকেন,মটন,চিংড়ি, ইলিশের স্বাদ নেওয়া দলটা তখন মাথা থেকে বিসর্জন দিয়েছে প্যাথলজিক্যাল রিপোর্ট আর ডাক্তারবাবুর সাবধান বাণী। কোলেস্টেরল, টাইগ্লিসারাইড,সুগার,প্রেসারকে ন্যূনতম সম্মান না দিয়ে বুফে পদ্ধতির পাত্রগুলি থেকে তাঁরা টপাটপ তুলে নিচ্ছেন চিকেন চাপ, মটন মাখানি আর মালাইকারি চিংড়ি। তারপর স্যাটাস্যাট চালান করে দিচ্ছেন পেটে। শেষে পেট 'ঠাঁই নাই, ঠাঁই নাই'- বলে আর্তনাদ করলে তবেই মিলছে জিভ আর দাঁতের রেহাই। এমন দৃশ্য এখন ব্যতিক্রম নয়। বরং নিত্য বাস্তব। অনুষ্ঠান বাড়িগুলিতে খাই-খাই বাই দেখে কে বলবে এদের অধিকাংশই 'অতিভোগ' রোগে আক্রান্ত! এ রোগের উপসর্গ হলো স্থূলত্ব, অলসতা, উচ্চরক্তচাপ এবং জনন ক্ষমতার হ্রাস।

আসলে আমরা জ্ঞানপাপী। জানি ; কিন্তু কাজে লাগাই না। বা বলা ভালো কাজে লাগাতে পারি না। পুষ্টিবিজ্ঞানে বলা হয়েছে তিনটি সাদা রঙের বস্তু বিপদজনক। চিনি, নুন আর ময়দা। আখের রসকে পরিশুদ্ধ করতে করতে রসের গুনাগুন অধিকাংশই বিদায় নেয়। সেই গুণহারা আখরসই আমাদের আদরের চিনি। তরকারিতে চিনি, শেষ পাতের উপাদেয় 'টক'-কে ক্ষতিকর 'চাটনি' করতে চিনি, টক দইয়ের স্বত্ববিলোপ করতে চিনি, ঘন্টায় ঘন্টায় চা-এ চিনি, এমনকি অনেকের দুধে ভাতেও একদলা চিনি! ঠিক একই কাহিনী ময়দার ক্ষেত্রেও। ফাইবার সমৃদ্ধ পুষ্টিকর আটাকে রিফাইন করে পাওয়া যায় ময়দা। সেই ময়দাই তো বাঙালিদের বাজার রেখেছে। সিঙ্গারা, মিষ্টি,লুচি,পরোটা, বিস্কুটের প্রধান উপাদানই হলো ময়দা। স্যাচুরেটেড ফ্যাট, ট্রান্স ফ্যাট আর ক্যালোরিতে ভরপুর এমন খাবারই আমরা জিভের কথা ভেবে খেয়ে নিই। তারপর শরীর আর্তনাদ করলে, 'বাঁচাও ডাক্তারবাবু'। ডাক্তারবাবু 'চোখে জল আনা ' ডায়েট চার্ট বানিয়ে বলে দেবেন নুনটাও খেতে হবে নিক্তি মেপে। কেন? আমাদের শরীরে সোডিয়ামের চাহিদা নির্দিষ্ট। নুন বা নোনতা জিনিস খেলে রক্তে সোডিয়ামের পরিমাণ বেড়ে যায় যা পরোক্ষে হাই ব্লাডপ্রেসারের ভগীরথ। তাই নুন খাওয়া ও তার গুণ গাওয়া দুই অনুচিত ও বিপদজনক।

অথচ যে খাবারগুলো দেখলেই আমাদের মনটা কেমন 'খাই খাই' করে ওঠে, তাদের প্রত্যেকটিতেই কি আশ্চর্য, এই সাদা রংয়ের ভিলেন তিনটি বেশি বেশি করে আছে! সিঙ্গারা, গুলাবজামুন, জিলিপি, ভুজিয়া, পিৎজা, হামবার্গার, ফ্রেঞ্চফ্রাই, ভাদাপাও, লাড্ডু, হটডগ এমন সব জিভে জল আনা খাবারের একটা লাগতাই নামই দিয়ে দিয়েছেন আমেরিকার বিজ্ঞানী মাইকেল জ্যাকবসন। জাঙ্ক ফুড। তাঁর মতানুযায়ী, যেসব খাদ্যে ক্যালরি প্রচুর থাকলেও অন্যান্য প্রয়োজনীয় পুষ্টিগুণ যেমন ভিটামিন, ফাইবার,খনিজ লবণ ও প্রোটিন নেই বললেই চলে তাই জাঙ্ক ফুড। এমন খাবার খেলেই আমাদের শরীরে ডোপামিন নামে এক ধরনের হরমোন বের হয়। যাতে মনে স্ফূর্তি বোধ আসে। এই স্ফূর্তির আবেদনে সাড়া দিতে গিয়ে প্রায়ই বেশি খাওয়া হয়ে যায় এমন খাবার। তখন শরীর চায় আরো ডোপামিনের নিঃসরণ। সে চাহিদার নেশা পূরণ করতে জাঙ্ক ফুডের পরিমাণও বাড়ে। তখনই আমরা খাওয়ার সময় ডাক্তারবাবুর নিষেধাজ্ঞা ভুলে যাই। হয়ে পড়ি জ্ঞানপাপী। যার পরিণাম...

## কুকুরের কামড়ে তারকেশ্বরে আহত কমপক্ষে ৪০

নিজস্ব সংবাদদাতা ঃ হুগলির তারকেশ্বর পৌরসভা এলাকায় মঙ্গলবার দশমীর দিন কুকুরের কামড়ে কমপক্ষে ৪০ জনের মত আহত। মঙ্গলবার বিকাল থেকেই তারকেশ্বর হাসপাতালে ভিড় বাড়তে থাকে কুকুরে কামড়ানো রোগীদের। দশমীর বিকাল থেকে সন্ধ্যা পযন্ত পাগলা কুকুরের আক্রমণে জখম চল্লিশ জনের উপর সাধারণ মানুষ। ঘটনায় ব্যাপক আতঙ্ক ছড়িয়েছে তারকেশ্বরের বালিগড়ি ১ ও ২ নং গ্রাম পঞ্চায়েতের একাধিক গ্রামে।কুকুরের কামড়ে জখম চল্লিশ জনের উপর সাধরণ মানুষ তারকেশ্বর গ্রামীন হাসপাতালে ছুটে আসেন চিকিৎসার জন্য।ছুটি থাকা সত্ত্বেও একাধিক চিকিৎসককে তড়িঘড়ি হাসপাতালে চিকিৎসার জন্য আনা হয় হাসপাতালের পক্ষ থেকে।পাগলা কুকুরের আক্রমনের হাত থেকে রেহাই পায়নি শিশু, মহিলা ও বয়স্করা।পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের শ্রীমানপুর গ্রামের মানিক চন্দ্র গাঙ্গুলি তারকেশ্বরে শ্বশুর বাড়ি গিয়েছিলেন ঠাকুর দেখতে। কিন্তু ঠাকুর দেখার পরিবর্তে পাগলা কুকুরের কামড় খেয়ে তাঁকেও ছুটতে হয় হাসপাতালে। স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার বিকাল থেকে সন্ধ্যা পযন্ত একটি পাগলা কুকুর তারকেশ্বরের বালিগড়ি ১ ও ২ নং পঞ্চায়েত এলাকার একের পর এক গ্রামে সাধারণ মানুষের উপর অতর্কিতে আক্রমন চালায়। ফলে আহত হন কমপক্ষে চল্লিশ জন। পাগলা কুকুরের আক্রমণের হাত থেকে বাঁচতে কুকুরটিকেও মেরে ফেলা হয়েছে বলে জানা গেছে।

## দীঘা সমুদ্র সৈকতে স্পিড বোটের ধাক্কায় ক্ষত বিক্ষত এক যুবক,চাঞ্চল্য সৈকত নগরীতে

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব মেদিনীপুর জেলার নিউ দীঘা সমুদ্র সৈকতে স্পিড বোটের পাখায় ক্ষত বিক্ষত হল এক পর্যটক যুবক। ঘটনাকে ঘিরে রীতিমতো পর্যটকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন চিহ্ন দেখা দিয়েছে সৈকত নগরীতে!







ঘটনায় প্রকাশ, মঙ্গলবার দুপুর নাগাদ নিউ দীঘার হলিডেহোম ঘাটে স্নান করার সময় এক পর্যটককে আচমকাই স্পিড বোট ধাক্কা মারে।পর্যটক যুবকের পা, হাত, পেট স্পিড বোর্ডের পাখায় ক্ষত বিক্ষত হয়ে যায়। ঘটনা নজরে পড়লে দীঘা থানার পুলিশ কর্মীরা তড়িঘড়ি ওই পর্যটককে উদ্ধার করে দীঘা রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যায়।অবস্থার অবনতি হলে তাকে কলকাতা স্থানান্তরিত করা হয়। পুলিশ সূত্রে জানা যায়,আহত পর্যটকের নাম সোহরাব আলি মোল্লা (৩৩)। তার বাড়ি রাজারহাটের বিদ্যাধরপুর এলাকায়। চার বন্ধুবান্ধব মিলে সোমবার দীঘায় বেড়াতে আসে পুজোর ছুটিতে। মঙ্গলবার দুপুরে স্নান করতে নেমে ঘটে যায় এমন বিপত্তি।পর্যটক মরশুমে সমুদ্র স্নানে স্পিডবোট গুলি চালানোর ফলে পর্যটকদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন চিহ্ন দেখা দিয়েছে।



খানপুর জৌগ্রামমোড় দুর্গাপূজা কমিটির উদ্বোধনী অনুষ্ঠানে ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।

# ত্রাণ নয়,স্থায়ী কংক্রিটের নদীবাঁধের দাবিতে বিক্ষোভ সুন্দরবনে

নিজস্ব সংবাদদাতা ঃ কথায় আছে ‘‘নদীর ধারে বাস তার ভাবনা বারো মাস।’’ প্রতিবছর বেহাল নদীবাঁধের কারণে বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত হতে হয় উপকূল এলাকার বাসিন্দাদের। নেই কোনো স্থায়ী কংক্রিটের নদীবাঁধ। তাই অল্প জলোচ্ছ্বাসে প্লাবিত হয় গোটা এলাকা। বারবার প্রশাসনকে জানিয়েও কোনরকম সুরাহা হয়নি। প্রতিবছর প্রশাসনের পক্ষ থেকে অস্থায়ীভাবে নদীবাঁধ মেরামতি করা হয়। আর সেই অস্থায়ী নদীবাঁধ রক্ষা করতে পারে না এলাকাবাসীদের। সুন্দরবনের অধিকাংশ এলাকায় এখনো পর্যন্ত রয়েছে মাটির নদীবাঁধ।প্রবল বৃষ্টিতেও ভরা কোটালের প্রভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয় ওই মাটির নদীবাঁধ। অধিকাংশ জায়গায় এই মাটির নদীবাঁধ ভেঙে গিয়ে এলাকা প্লাবিত হয়।নোনা জলে ক্ষতিগ্রস্ত হয় বিঘের পর বিঘে চাষের জমি। এলাকা জলমগ্ন থাকার কারণে ত্রাণ শিবিরে আশ্রয় নিতে হয় এলাকাবাসীদের। এবার স্থায়ী কংক্রিটের নদীবাঁধেব. দাবিতে সুন্দরবন নদীবাঁধ ও জীবন-জীবিকা রক্ষা কমিটির পক্ষ থেকে সুন্দরবনের বিভিন্ন জায়গায় বিক্ষোভ দেখায়



এলাকাবাসী।সুন্দরবনের কুলতলী, নামখানা সহ গঙ্গাসাগরের,ধবলাহাট শিবপুর এলাকায় স্থায়ী নদী বাঁধের দাবিতে বিক্ষোভে সামিল হয় এলাকাবাসীরা । ১৫ অক্টোবর রবিবার দক্ষিণ চব্বিশ পরগনার বিভিন্ন উপকূল তীরবর্তী এলাকার মানুষেরা বেহাল নদীবাঁধের ওপর হাতে পোস্টার নিয়ে বিক্ষোভ দেখায়। এলাকাবাসীদের দাবি, বেহাল নদীবাঁধ থাকার কারণে প্রতিবছর বর্ষার সময় তাদের ঘরবাড়ি ছেড়ে পরিবারের সদস্যদের নিয়ে অন্যত্র আশ্রয় নিতে হয়।বেহাল মাটির নদীবাঁধ রক্ষা করতে পারে না উপকূল তীরবর্তী এলাকার মানুষজনদের। বারবার প্রশাসনের কাছে স্থায়ী কংক্রিট নদীবাঁধের জন্য আবেদন জানালেও কোন কাজ হয়নি। এ বিষয়ে সুন্দরবন বকখালি ডেভলপমেন্ট অথরিটির ভাইস চেয়ারম্যান সন্দীপ কুমার পাত্র বলেন, ‘‘সুন্দরবনে মোট ৫৪টি দ্বীপ রয়েছে। বিভিন্ন সময় একের পর এক প্রাকৃতিক বিপর্যয় তছনছ করে দিয়েছে সুন্দরবনের অধিকাংশ দ্বীপ। বেহাল মাটির নদীবাঁধ ভেঙে প্লাবিত হয়েছে গোটা এলাকা। রাজ্য সরকারের একার পক্ষে সুন্দরবনের উপকূল তীরবর্তী এলাকাগুলিতে স্থায়ী কংক্রিটের নদীবাঁধ নির্মাণ করা অসম্ভব ব্যাপার। সুন্দরবনকে রক্ষা করতে এগিয়ে আসছে না কেন্দ্র সরকার। কেন্দ্র সরকারের সহযোগিতার প্রয়োজন রয়েছে।রাজ্য সরকারের ও কেন্দ্র সরকারের যৌথ উদ্যোগে সুন্দরবনের বেহাল নদী বাঁধগুলি সংস্কার ও মেরামতি করা সম্ভব।’’ এ বিষয়ে এক বিক্ষোভকারী বলেন, ‘‘ প্রতিবছর এই বেহাল নদীবাঁধ ভেঙে যায় নদীর নোনা জলে আমাদের ঘরবাড়ি থেকে শুরু করে চাষের জমি ক্ষতিগ্রস্ত হয়। বারবার প্রশাসনকে জানালেও কোনরকম সুরাহা হয়নি। আমরা চাই কংক্রিটের নদীবাঁধ।স্থায়ী কংক্রিটের নদীবাঁধ না হলে নদী ভাঙন ও বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হয়ে এই উপকূল তীরবর্তী এলাকা ধীরে ধীরে নদী গর্ভে বিলীন হয়ে যাবে। উপকূল তীরবর্তী এলাকার মানুষজনদের একমাত্র রক্ষা করতে পারে স্থায়ী কংক্রিটের নদীবাঁধ।’’

# রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার রাজ্যের বর্তমান বনমন্ত্রী তথা প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক !

নিজস্ব সংবাদদাতা ঃ কেন্দ্রীয় সংস্থার জালে আরও এক মন্ত্রী। এবার রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার করা হল রাজ্যের বর্তমান বনমন্ত্রী তথা প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিককে। প্রায় ২১ ঘণ্টা ধরে বৃহস্পতিবার তাঁর সল্টলেকের বাড়িতে তল্লাশি ও জিজ্ঞাসাবাদের পর রাত ৩ টে ২০ মিনিটে তাঁকে তাঁর বাড়ি থেকে বের করে নিয়ে যায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা।

পুজো শেষ হতেই বৃহস্পতিবার সকালে মন্ত্রীর বাড়িতে পৌঁছে যায় ইডির টিম।তাঁর সল্টলেকের দুটি বাড়িতে চলে ম্যারাথন তল্লাশি। বৃহস্পতিবার গভীর



রাতে তাঁকে গ্রেফতার করে ইডি।এর আগে নিয়োগ দুর্নীতি মামলায় গত বছর গ্রেফতার হন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়।এবার ফের রেশন দুর্নীতি মামলায় রাজ্যের মন্ত্রীকে গ্রেফতার করা হল। তাঁর বিরুদ্ধে বিপুল টাকার দুর্নীতির অভিযোগ রয়েছে বলে দাবি ইডির। তাঁর গ্রেফতারিকে গভীর চক্রান্ত বলে মন্তব্য করেন জ্যোতিপ্রিয় মল্লিক।বাকিবুর রহমানের সঙ্গে মুখোমুখি বসিয়ে তাকে জেরা করা হতে পারে বলে ইডি সূত্রে জানা গেছে। শুক্রবার তাঁকে ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হলে বিচারক আগামী ৬ নভেম্বর পর্যন্ত তাঁকে ইডি হেফাজতে রাখার নির্দেশ দেন।আর নির্দেশ শুনেই অসুস্থ হয়ে পড়েন জ্যোতিপ্রিয়। তাঁকে নিয়ে যাওয়া হয় একটি বেসরকারি হাসপাতালে। হাসপাতাল থেকে সুস্থ হয়ে বেরোলে ইডি তাঁকে হেফাজতে নিয়ে জেরা করতে পারবে বলে জানিয়েছেন ভারপ্রাপ্ত বিচারক তনুময় কর্মকার।

(প্রথম পাতার পর) **অভিযোগ, গ্রেফতার হুগলির তৃণমূল নেতা !**

ছিল বলে অভিযোগ। কামালউদ্দিন জানান, প্রাণের ভয় দেখিয়ে সেখান থেকে তাঁকে ত্রিবেণী কালীতলার কাছে কোনও একটি জায়গায় নিয়ে যায় কালীতলার বাসিন্দা দেবরাজ। প্রথমে এক কোটি টাকা দাবি করে। পরে দরাদরিতে ৫০ লাখে নামে। এরপর কামালউদ্দিনকে ছেড়ে দেওয়া হয়। কামালউদ্দিনের দাবি, ওই মাসেই ১৭ লক্ষ টাকা দেওয়া হয় দেবরাজকে। কিন্তু তারপরও বাকি ৩৩ লাখের জন্য ফোনে চাপ দিতে থাকে দেবরাজ। ভয়ে মগরায় আসতে পারছিলেন না তিনি। শেষমেশ পুলিশ প্রশাসনের কাছে ঘটনার বিবরণ দিয়ে অভিযোগ জানান তিনি। মঙ্গলবার মগরা থানার পুলিশ ত্রিবেনী এলাকা থেকে দেবরাজ পালকে গ্রেফতার করে। বুধবার তাকে পাঠানো হয় চুঁচুড়া আদালতে।চুঁচুড়া আদালতে তোলা হলে বিচারক পাঁচ দিনের পুলিশের হেফাজতের নির্দেশ দেন।তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের কারণেই দেবরাজ পাল গ্রেফতার হয়েছেন বলে দাবি করেন হুগলি সাংগঠনিক জেলা বিজেপির সাধারণ সম্পাদক সুরেশ সাউ। এ বিষয়ে হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশিস সেন বলেন, ‘এ অভিযোগ নথিভুক্ত হওয়ার পর তদন্ত করে পুলিশ ব্যবস্থা নিয়েছে। আইনত যা কিছু করণীয় সব পদক্ষেপই করা হবে।’



গাড়লমুড়ি গেটের কাছে রাস্তার পাশে দেখা দিয়েছে ধ্বস। যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা।



পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে ২১ অক্টোবর,শনিবার যথাযথ মর্যাদায় পালিত হল পুলিশ শহিদ স্মৃতি দিবস।



আবুজহাটি ১ নং অঞ্চল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে শারদীয় দুর্গোৎসব উপলক্ষে প্রায় পাঁচ শতাধিক দুঃস্থ মানুষের হাতে নতুন পোশাক তুলে দেওয়া হল।



পূর্ব বর্ধমান জেলার পুলিশ লাইন আবাসিক পুজোর উদ্বোধন করলেন পূর্ব বর্ধমান জেলার পুলিশ সুপার আমনদীপ।

# গুড়াপে ভয়াবহ পথ দুর্ঘটনার কবলে সেনাবাহিনীর অ্যাম্বুলেন্স,মৃত ১,আহত ৫

নিজস্ব সংবাদদাতা ঃ হুগলির গুড়াপ থানার অন্তর্গত কংসারিপুরে বৃহস্পতিবার সকালে ভয়াবহ দুর্ঘটনার কবলে পড়ে সেনাবাহিনীর একটি অ্যাম্বুলেন্স। দুর্ঘটনায় মৃত্যু হয় এক সেনাকর্মীর।আহত পাঁচ জন সেনাকর্মী। বর্ধমান থেকে কলকাতায় যাওয়ার পথে গুড়াপের কংসারিপুরের কাছে দুর্গাপুর হাইওয়ের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় সেনাবাহিনীর অ্যাম্বুলেন্সটি। জানা গেছে, আহতদের উদ্ধার করে বর্ধমান অনাময় হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং সেখানেই একজনকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক।আহতরা বর্ধমানের পানাগড় মিলিটারি বেস থেকে চিকিৎসার জন্য কলকাতার কমান্ড হাসপাতালের যাচ্ছিলেন বলে জানা গেছে।

KHABOR SOJASUJI Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# থিমের বৈচিত্র্য লক্ষী পুজোতেও ! কোথাও কেদারনাথ, কোথাও চন্দ্রযান

নিজস্ব সংবাদদাতা ঃ তারকেশ্বরের নাইটা মালপাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের বেশ কয়েকটি গ্রামে হয়না দুর্গা বন্দনা।কৃষি প্রধান এলাকা হওয়ায় লক্ষী বন্দনায় মেতে ওঠেন এই এলাকার সাধরণ মানুষ। মূলত তারকেশ্বরের জগন্নাথ পুর,রানাবাঁধ, বেলবাঁধ এলাকায় দুর্গাপুজো অনুষ্ঠিত হয় না বললেই চলে।কৃষি প্রধান অঞ্চল হওয়ার কারণে বাড়ি বাড়ি লক্ষ্মীর আরাধনায় মেতে ওঠেন এখানকার মানুষ। অন্যদিকে এলাকায় ক্লাবগত ভাবে লক্ষীপুজোর আয়োজন করা হয়ে আসছে বিগত প্রায় ৪০ থেকে ৪৫ বছর ধরে।এই এলাকায় প্রায় ১৬টি পুজোর আয়োজন করা হয় ক্লাব গত ভাবে এবং প্রতিটি পুজো মণ্ডপেই লক্ষ করা যায় থিমের বৈচিত্র্য। কোন পুজো মণ্ডপ করা হয়েছে চন্দ্রযান-৩ এর আদলে, কোনোটা আবার কেদার নাথের মন্দিরের আদলে, কোনো ক্লাবের পুজোর থিম সহজ পাঠ। সব ক্লাবের পুজো মণ্ডপ থেকেই একাধিক সামাজিক সচেতনতার বার্তা দেওয়া হয়েছে। বিগত কয়েক বছর ধরে এই এলাকার লক্ষীপুজোর থিমের বৈচিত্র বেশ আকর্ষণীয় হয়ে উঠছে। শুধু হুগলি জেলা নয় পার্শ্ববর্তী হাওড়া, বর্ধমান সহ বেশ কয়েকটি জেলা থেকে লক্ষ লক্ষ মানুষের সমাগম হয়।ছয় দিন ধরে চলে মেলা।মেলা উপলক্ষ্যে একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে হুগলি গ্রামীন পুলিশের তরফ থেকে।ইতি মধ্যেই একাধিক পুজো মণ্ডপ ঘুরে দেখেছেন জেলা পুলিশ আধিকারিকরা।এ বিষয়ে হুগলি গ্রামীণ পুলিশের ডিএসপি আফজল আবরার জানান, ‘‘চাপাডাঙ্গা ও পিয়াসারা মোড় দুটি জায়গাতেই যান নিয়ন্ত্রণ করা হবে।চারচাকা গাড়ি নিয়ে ঢোকা নিষেধ।বিভিন্ন মণ্ডপের দু’পাশে পার্কিংয়ের ব্যবস্থা করা হয়েছে।পর্যাপ্ত পরিমাণে পুলিশি ব্যবস্থা থাকবে। পকেটমার বা অপ্রীতিকর ঘটনা এড়াতে থাকবে সাদা পোশাকের পুলিশ।কারো কোনো সমস্যা থাকলে তার জন্য পুলিশি সহায়তা কেন্দ্র করা হয়েছে।এছাড়া ডিজে বাজানো সম্পূর্ণ নিষেধ করা হয়েছে।শান্তিপূর্ণভাবে বিসর্জন হবে।’’

# হুগলি গ্রামীণ পুলিশের মানবিক উদ্যোগ


আরামবাগের এসডিপিও অভিষেক মন্ডল, সিআই আরামবাগ উত্তম দেবনাথ, খানাকুল থানার ওসি রাসেল পারভেজ খান সহ নেসলে ইন্ডিয়া লিমিটেড এবং জেসিআই এর আধিকারিকবৃন্দ।

নিজস্ব সংবাদদাতা ঃ হুগলি গ্রামীণ পুলিশের উদ্যোগে খানাকুল থানার ব্যবস্থাপনায় এবং নেসলে ইন্ডিয়া লিমিটেড ও জেসিআই - এর সহযোগিতায় খানাকুল থানার অন্তর্গত মারোখানা অঞ্চলে বন্যা দুর্গত মারোখানা, জগতপুর এবং সাবলসিংহপুর এলাকার আনুমানিক ৫০০ পরিবারের হাতে বৃহস্পতিবার মহাপঞ্চমীর পুণ্যলগ্নে কিছু সাহায্য সামগ্রী তুলে দেওয়া হল। উপস্থিত ছিলেন হুগলি গ্রামীণের এসপি কামনাশিস সেন,

# জাগো বাংলা স্টল উদ্বোধনে বিধায়ক ও ব্লক সভাপতি

নিজস্ব সংবাদদাতা ঃ ধনেখালি সিনেমাতলায় মহাপঞ্চমীর সন্ধ্যায়


তৃণমূল কংগ্রেসের দলীয় মুখপাত্র জাগো বাংলা স্টলের শুভ উদ্বোধন করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র। উপস্থিত ছিলেন ধনেখালি ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সৌমেন ঘোষ, ধনেখালি ব্লক তৃণমূল ছাত্র পরিষদ সভাপতি সৌমেন বসু, ধনেখালি ব্লক তৃণমূল মহিলা কংগ্রেস সভাপতি সর্বাণী সর্দার, হুগলি জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ বিজন বেসরা এবং ধনেখালি পঞ্চায়েত সমিতির ভূমি কর্মাধ্যক্ষ মহসিন মন্ডল, মৎস্য কর্মাধ্যক্ষ অরুণ মাঝি সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# শিশু নির্যাতন ও নারী ধর্ষণ রুখতে নিজের একরত্তি কন্যাকে লক্ষী রূপে আরাধনা করলেন কৃষ্ণগঞ্জের বাগচী দম্পতি

নিজস্ব সংবাদদাতা ঃ চারিদিকে শিশু নির্যাতন ও নারী ধর্ষণ রোধ করতে নিজের সাড়ে তিন বছরের কন্যাকে লক্ষী রূপে পূজা করে অভিনব উপায়ে শিশু নির্যাতন ও নারী ধর্ষণের প্রতিবাদ জানালেন নদিয়ার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী কৃষ্ণগঞ্জ থানার নাঘাটা পাড়া এলাকার বাসিন্দা অর্জুন বাগচীর পরিবার। লক্ষ্মী পূর্ণিমার পুণ্য তিথিতে সারা বিশ্ব যখন ধন-সম্পদ লাভের আশায় লক্ষ্মী মাতার আরাধনায় ব্রতী হয়েছে ঠিক সেই মুহূর্তে নিজের সাড়ে তিন বছর বয়সী একরত্তি শিশু কন্যাকে লক্ষ্মী মাতার আদলে সজ্জিত করে ধর্মীয় রীতি মেনে তাঁকে পুজো করে পৃথিবী থেকে শিশু নির্যাতন ও নারী ধর্ষণের মতো অসামাজিক ঘটনা যাতে আর না ঘটে তার জন্য মা লক্ষ্মীর কাছে কাছে প্রার্থনা জানালেন বাগচী দম্পতি। নাঘাটা এলাকার বাগচী পরিবারের ঠাকুর ঘরের সিংহাসনে মা লক্ষ্মীর প্রতিকৃতি রয়েছে। তার সামনেই এই দিন নিজের শিশু কন্যা অরিত্রিকা বাগচীকে মা লক্ষ্মীর আদলে সজ্জিত করে পুরোহিত ডেকে নিজের কন্যাকে


মাতৃরূপে পূজা করলেন অর্জুন বাগচীর পরিবারের সদস্যরা। এই প্রসঙ্গে পরিবারকর্তা অর্জুন বাগচীর স্ত্রী ঝুমা বাগচী বলেন, মেয়ে সন্তানকে পরিবারের লক্ষ্মী হিসাবে গণ্য করা হয়।এছাড়াও নারীকে মাতৃ শক্তির আধার রূপে মানা হয় । মূলত সেই কারণেই মা লক্ষ্মীর মৃন্ময়ী মূর্তির বদলে ঘরের মেয়েকেই তাঁরা লক্ষ্মী মাতার রূপে আরাধনা করার সিদ্ধান্ত নিয়েছেন। পাশাপাশি নিজের মেয়েকে ভগবান রুপে আরাধনা করার মধ্যে দিয়ে সমাজ থেকে শিশু নির্যাতন ও নারী নির্যাতনের মত অমানবিক ঘটনা চিরতরের জন্য বন্ধ করার আহ্বান জানিয়েছেন তাঁরা। মেয়ের জন্মের পর থেকে তাদের পরিবারের উন্নতি হয়েছে। পাশাপাশি এখনও পর্যন্ত গ্রাম বাংলার বহু জায়গায় বাস্তব জীবনে মেয়েদের পিছন সারিতে ফেলে রাখার প্রবণতা লক্ষ্য করা যায় কিছু সংখ্যক মানুষজনদের মধ্যে। কন্যা সন্তানদের প্রতি তাদের এই ভ্রান্ত ধারণা ও অসামাজিক মনোভাবকে মুছে দিতেই নিজের কন্যা সন্তানকে মাতৃরূপে আরাধনা করার মধ্যে দিয়ে নারীদের প্রতি সামাজিক সচেতনতা গড়ে তোলার চেষ্টা করেছেন তাঁরা বলে জানান শিশু কন্যা অরিত্রিকা বাগচীর বাবা অর্জুন বাগচী। আর পাঁচটা পরিবারের কোজাগরী লক্ষ্মী পূজার পালনের মতোই এই দিন নিজের কন্যা অরিত্রিকাকে মা লক্ষী রূপে সাজিয়ে পুরোহিত ডেকে মা লক্ষীর আরাধনা করতে দেখা গেল কৃষ্ণগঞ্জের নাঘাটা এলাকার বাগচী দম্পতিকে। দুর্গোৎসবকে কেন্দ্র করে কুমারী পূজার প্রচলন থাকলেও কোনো শিশু কন্যাকে লক্ষ্মী রূপে আরাধনা করার ঘটনা এখনো পর্যন্ত নজিরবিহীন। বাগচী দম্পতির এই কর্মকাণ্ডকে স্বচক্ষে দেখতে নাঘাটার বাগচী বাড়িতে এইদিন ভিড় জমান আশেপাশের মানুষজন।

# ত্রিকোণ প্রেমের জেরে খুন ! যুবককে খুন করে নদীর চরে পুঁতে রাখার অভিযোগ !

নিজস্ব সংবাদদাতা ঃ ত্রিকোণ প্রেমের জেরে খুন করে নদীর চরে পুঁতে রাখার অভিযোগ! ঘটনাটি ঘটেছে কোচবিহারের মাথাভাঙ্গা ২ ব্লকের ঘোকসাডাঙ্গা থানা এলাকায়। শনিবার বিশাল পুলিশ বাহিনী এবং ডেপুটি ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে উদ্ধার হল সেই যুবকের মৃত দেহ।পুলিশ সূত্রে জানা গেছে ,গত ২০ তারিখ থেকে ফইজুল হক নামে বছর আটাশের এক যুবক নিখোঁজ ছিল।২২ তারিখ ঘোকসাডাঙা থানায় নিখোঁজ সংক্রান্ত একটি মামলা দায়ের হয়।সেখানে কয়েকজন যুবকের নাম উল্লেখ ছিল।পুলিশ নিখোঁজ ফইজুল হকের মোবাইল উদ্ধার করে সন্দেহজনক কয়েকটি নম্বর নিয়ে তাদের জিজ্ঞাসাবাদ করে এবং ২৬ তারিখ রমজান আলি নামে এক যুবককে আটক করে। তারপর তাকে রিমান্ডে


নিয়ে জিজ্ঞাসাবাদ করা হলে চারজনের নাম উঠে আসে।ঘটনায় জড়িত সন্দেহে মোট ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। শনিবার দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। মৃত ফইজুল হকের বাবার দাবি, একটি মেয়ের সাথে তার ছেলের বিয়ে নিয়ে কথা হয় কিন্তু তারপর অন্য এক জায়গায় তার ছেলের বিয়ে দিয়ে দেন। তবে সেই মেয়ের সাথে তার ছেলের কোনো রকম প্রেমের সম্পর্ক এমনকি বিয়ের পরেও কোনও সম্পর্ক ছিলো কিনা জানা নেই।

# গুড়াপ থানার তৎপরতায় উদ্ধার লুট হওয়া লক্ষাধিক টাকা,গ্রেফতার ২ দুষ্কৃতী

নিজস্ব সংবাদদাতা ঃ হুগলি গ্রামীণ পুলিশের গুড়াপ থানার তৎপরতায় লুট হওয়া লক্ষাধিক টাকা সহ গ্রেফতার কুখ্যাত দুই দুষ্কৃতী।বুধবার ১৮ অক্টোবর ভোর তখন সাড়ে তিনটে।একটি লরির ড্রাইভার ক্লান্ত হয়ে দুর্গাপুর এক্সপ্রেসওয়ের ধারে বসিপুরে একটি ধাবায় তার লরিটিকে থামায়।কিছুক্ষনের মধ্যে চারজন দুষ্কৃতী হাতে অস্ত্র নিয়ে ওই লরির ড্রাইভারকে ঘিরে ফেলে এবং তার কাছে থাকা আড়াই লক্ষ টাকা ছিনতাই করে বলে অভিযোগ।অন্ধকারের সুযোগ নিয়ে তারা মাঠ ধরে পালিয়ে যায়।এরপর ড্রাইভারটি পার্শ্ববর্তী ধাবার মালিক ছোট্টুর মাধ্যমে গুড়াপ থানার সাথে যোগাযোগ করে ঘটনাটি জানায়।কিছুক্ষণের মধ্যেই গুড়াপ থানার পুলিশের টহলদারি গাড়ি ঘটনাস্থলে ছুটে আসে।ড্রাইভারটিকে জিজ্ঞাসাবাদ করে দুষ্কৃতকারীদের বিবরণ জানতে থাকে।তাদের পালিয়ে যাওয়ার পথ ধরে পার্শ্ববর্তী জায়গায় দুষ্কৃতীদের খোঁজে তল্লাশি চালাতে আরম্ভ করে।


প্রায় দীর্ঘক্ষণ অনুসন্ধান ও তল্লাশি চালানোর পর নিকটবর্তী শংকরপুর গ্রামের ঝোপ থেকে দুই দুষ্কৃতীকে পাকড়াও করে এবং তাদের কাছ থেকে লুট করা এক লক্ষ একাত্তর হাজার টাকা উদ্ধার করে। ইতিমধ্যেই কাছাকাছি গ্রামের মানুষজন এবং চাষীরা ওখানে এসে উপস্থিত হয়। তারাও পুলিশকে তল্লাশি অভিযানে সক্রিয়ভাবে সহযোগিতা করে। গুড়াপ থানার পুলিশ অত্যন্ত তৎপরতার সঙ্গে এবং বিচক্ষণতার পরিচয় দিয়ে লুট হওয়া আড়াই লক্ষ টাকার মধ্যে এক লক্ষ একাত্তর হাজার টাকা উদ্ধার করে।গ্রামবাসীরা পুলিশের এই তৎপরতায় অত্যন্ত খুশি।পুলিশের হাতে গ্রেপ্তার হওয়া এই দুই দুষ্কৃতী রাজা অধিকারী ও সমর বিশ্বাস দাগি আসামি এবং তাদের হুগলির বিভিন্ন থানায় অপরাধের রেকর্ড আছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।ধৃত রাজা অধিকারীর বাড়ি হাওড়ার লিলুয়া থানার জগাছা এলাকায় এবং অপর ধৃত সমর বিশ্বাসের বাড়ি ডানকুনির কালীতলা এলাকায় বলে পুলিশ সূত্রে জানা গেছে।ধৃত দুই দুষ্কৃতীকে বৃহস্পতিবার ১৯ অক্টোবর চুঁচুড়া আদালতে তোলা হলে বিচারক তাদের সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। পুলিশ হেফাজতে থাকাকালীন তাদের জিজ্ঞাসাবাদ করে ছিনতাইয়ের সময় ব্যবহৃত ছুরি, ভোজালি সহ বিভিন্ন অস্ত্র উদ্ধার করে পুলিশ।২৬ অক্টোবর বৃহস্পতিবার আবার তাদের আদালতে পেশ করা হয় এবং বিচারক তাদের চোদ্দ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।আইনি প্রক্রিয়া মেনে খুব শীঘ্রই লরি ড্রাইভারকেকে উদ্ধারকৃত টাকা ফেরত দেওয়া হবে বলে থানা সূত্রে জানা গেছে।বাকি দুই আসামির খোঁজে জোর তল্লাশি চালাচ্ছে গুড়াপ থানার পুলিশ।

(প্রথম পাতার পর) **এক নজরে**

থেকে নির্বাচিত বর্তমান সিপিএম সদস্য মানিক ভূমিজ।মৃত্যুকালে বয়স হয়েছিল ৭০ বছর।এলাকায় শোকের ছায়া।

- বিডিও স্তরে ব্যাপক রদবদল। বদলি হয়ে যাচ্ছেন জামালপুরের বিডিও শুভঙ্কর মজুমদার। তিনি বদলি হয়ে যাচ্ছেন হলদিয়ার বিডিও হয়ে। জামালপুরের নতুন বিডিও হচ্ছেন পার্থ সারথি দে।
- ‘‘আমরা কি মমতা ব্যানার্জির চাকর ,না কি বাড়ির বাগাল? দুর্গাপুজোর দ্বিতীয়ার দিনে,নব রাত্রির দিনে ডেকে আনবেন কেন? আমরা মমতা ব্যানার্জির চাকর নয়। আমরা বাংলার জনগণের চাকর ”, বিধায়ক ও মন্ত্রীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত বিল নিয়ে আলোচনার জন্য বিধানসভার বিশেষ অধিবেশন প্রসঙ্গে বিস্ফোরক মন্তব্য করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
- আবাস যোজনা, আমফান ক্ষতিপূরণ,পিএম কিষাণ,শৌচালয় যারা পাননি, সেই সব বঞ্চিতদের নিয়ে ২১ নভেম্বর কলকাতায় বিজেপির সমাবেশ।
- ‘‘খেটে মরছে মজুর,আর খেজুর খাচ্ছেন হুজুর’’, নিয়োগ দুর্নীতি ইস্যুতে আরামবাগের সভা থেকে তৃণমূলকে তীব্র কটাক্ষ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।পুরসভার দুর্নীতিতে আরামবাগ পুরসভাও আছে বলে মন্তব্য করেন শুভেন্দু অধিকারী।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com